

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৭৯

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ ক্রয়-বিক্রয় ও লেনদেনের ক্ষেত্রে উদারতা দেখানো, উত্তমরূপে ঋণ পরিশোধ ও প্রাপ্য তলব করা, ওজন ও মাপে বেশি দেওয়ার মাহাত্ম্য, ওজন ও মাপে নেওয়ার সময় বেশী নেওয়া এবং দেওয়ার সময় কম দেওয়া নিষিদ্ধ এবং ধনী ঋণদাতার অভাবী ঋণগ্রহীতাকে (যথেষ্ট সময় পর্যন্ত) অবকাশ দেওয়া ও তার ঋণ মওকুফ করার ফ্যীলত

আরবী

عَنْ أَبِيْ خَالِدٍ حَكِيمِ بنِ حِزَامٍ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ البَيِّعَانِ بالخِيَارِ مَا لَمْ يَتَفَرَّقَا فَإِنْ صَدَقا وَبِيَّنَا بُورِكَ لَهُمَا في بيعِهمَا وإنْ كَتَمَا وَكَذَبًا مُحِقَتْ بركَةُ بَيعِهِما مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(২৪৭৯) আবূ খালেদ হাকীম ইবনে হিযাম (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ক্রেতা ও বিক্রেতা উভয়ের জন্য ততক্ষণ পর্যন্ত (চুক্তি পাকা বা বাতিল করার) স্বাধীনতা রয়েছে, যতক্ষণ পর্যন্ত তারা পৃথক (বিক্রয়-স্থল হতে স্থানান্তরিত) না হবে। আর যদি তারা সত্য কথা বলে এবং (পণ্যদ্রব্যের প্রকৃতত্ব) খুলে বলে, (দোষ-ক্রটি গোপন না রাখে,) তাহলে তাদের কেনাবেচার মধ্যে বরকত দেওয়া হয়। আর তারা যদি (দোষ-ক্রটি) গোপন রাখে এবং মিথ্যা বলে, তাহলে তাদের দু'জনের কেনাবেচার বরকত রহিত করা হয়।

ফুটনোট

(বুখারী ২০৭৯,২১১৪, মুসলিম ৩৯৩৭, আবূ দাউদ ৩৪৫৯, তিরমিযী ১২৪৬, নাসাঈ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

 $\textit{\textbf{\textit{G}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=66227}$

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন